

## মাধ্যমিক শিক্ষক ধর্মঘট চলছে

।। স্টাফ রিপোর্টার ।  
বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের  
ধর্মঘট অব্যাহত রয়েছে। দু' দফা  
দাবীতে শিক্ষকরা দেশব্যাপী এই  
ধর্মঘট চালিয়ে আসছেন। গতকাল  
(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

### ধর্মঘট

(১ম পৃঃ পর)

বৃহসবার ছিল ধর্মঘটের ১২শ  
দিবস।

আজ বৃহসপতিবারে চলতি বছ-  
রের এসএসসি পরীক্ষা শুরুর  
প্রাক্কালে গতকাল বাংলাদেশ শিক্ষক  
সমন্বয় পরিষদের সভায় পুনরায়  
বলা হয়েছে যে, আটক শিক্ষকদের  
মুক্তি ও তাদের দু' দফা দাবী না  
মানা পর্যন্ত ধর্মঘট অব্যাহত  
থাকবে।

শিক্ষক সমিতির সভাপতি (নজ  
মুল) জনাব আবদুল নূর চৌধুরীর  
সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায়  
শিক্ষক প্রশিক্ষণার্থীদের হোস্টেল  
ভ্যাগের নিষেধাজ্ঞা প্রত্যাহার ও  
গেজেটারী পরোয়ানা প্রত্যাহারের  
দাবী জানান হয়। সমন্বয় পরিষদের  
এক সংবাদ বিজ্ঞপ্তিতে আরো বলা  
হয়েছে যে, তাদের সঙ্গে ধর্মঘটের  
কমপরে সরকারে কোন আলোচনা  
আলোচনা হয়নি।

শিক্ষক সমিতির (আমানুল্লাহ)  
আহ্বান

এদিকে, বাংলাদেশ শিক্ষক সমি-  
তির (আমানুল্লাহ) এক সংবাদ  
বিজ্ঞপ্তিতে পরীক্ষা কেন্দ্রে সুরক্ষা  
ভাবে পেশাগত দায়িত্ব পালনের  
জন্য সকল শিক্ষক-শিক্ষিকার প্রতি  
আহ্বান জানান হয়েছে।